গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাহুবল, হবিগঞ্জ।
www.bahubal.habiganj.gov.bd

নম্বর- ০৫.৪৬.৩৬০৫.০০২.৯৯.০০১.২০-৫৪৬

তারিখ : ১৬ জুলাই ২০২৫ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

"স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১" এবং "স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা ২০১৫" মোতাবেক বাহুবল উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের পার্শ্বে বর্ণিত ওয়ার্ডে গ্রামপুলিশ (মহল্লাদার) এর শূন্যপদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে যোগ্যতাসম্পন্ন পুরুষ/মহিলা নিয়োগ করা হবে। নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	ইউনিয়নের নাম	ওয়ার্ড নম্বর	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
মহল্লাদার	০১নং স্নানঘাট ইউনিয়ন পরিষদ	২,৬,৭ ও ৯	০৪ টি	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
	০২নং পুটিজুরী ইউনিয়ন পরিষদ	১,৬ ও ৭	০৩ টি	
	০৩নং সাতকাপন ইউনিয়ন পরিষদ	৩,৫ ও ৯	০৩ টি	
	০৫নং লামাতাসী ইউনিয়ন পরিষদ	৯	০১ টি	
	০৭নং ভাদেশ্বর ইউনিয়ন পরিষদ	৬ ও ৯	০২ টি	

শর্তাবলীঃ

০১। আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, বাহুবল, হবিগঞ্জ বরাবরে আগামী ১৪ আগস্ট ২০২৫খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সরাসরি অথবা ডাকযোগে দাখিল করতে হবে। খামের উপরে পদের নাম, ওয়ার্ড ও ইউনিয়নের নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত এবং বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০২। প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও সংশ্লিষ্ট ওয়ার্ড তথা ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। ১৪ আগস্ট ২০২৫ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে।

০৩। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জন্মতারিখ, ধর্ম, বয়স, জাতীয়তা পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদ নম্বর, শারীরিক যোগ্যতার পরিমাপ (ওজন, উচ্চতা ও বুকের মাপ স্বাভাবিক ও সম্প্রসারণ উল্লেখপূর্বক) শিক্ষাগত যোগ্যতা, মোবাইল নম্বর, অভিজ্ঞতা(যদি থাকে) উল্লেখ করতে হবে।

০৪। শারীরিক যোগ্যতাঃ (ক) পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি; সর্বনিম্ন বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৩০ইঞ্চি; সম্প্রসারিত অবস্থায় ৩২ ইঞ্চি হতে হবে এবং ওজন সর্বনিম্ন ৫০কেজি। (খ) মহিলা প্রার্থীদের ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট; সর্বনিম্ন বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ২৮ইঞ্চি; সম্প্রসারিত অবস্থায় ৩০ ইঞ্চি হতে হবে এবং ওজন সর্বনিম্ন ৪৫কেজি হতে হবে।

০৫। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি দাখিল করতে হবে।

(ক) শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি।

(খ) সংশ্লিষ্ট ওয়ার্ড/ইউনিয়নের নাগরিকত্ব উল্লেখপূর্বক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।

(গ) সত্যায়িত ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।

(ঘ) জাতীয় পরিচয়পত্র এবং জন্মনিবন্ধন সনদের সত্যায়িত কপি।

(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র।

০৬। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোনো তথ্য গোপন করে অথবা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে কিংবা কোনো তথ্য ভবিষ্যতে মিথ্যা প্রমাণিত হলে নিয়োগাদেশ বাতিল সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। মৃত বা অবসরপ্রাপ্ত দফাদার/মহল্লাদারের পুত্র, কন্যা, বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে। এক্ষেত্রে আবেদনকারীকে যথোপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।

০৮। "স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫" মোতাবেক বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বেতন-ভাতাদি পরিশোধ করা হবে।

০৯। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানাদির ক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে তার পিতা/মাতার মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি যা গেজেটেড কর্মকর্তা (নাম পদবীর সীল স্বাক্ষর সহ) সত্যায়িত করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১০। প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সহ ১০/-টাকার ডাকটিকেট যুক্ত একটি ফেরত খাম দাখিল করতে হবে।

১১। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতি অনুসরণ করা হবে। কোটার ক্ষেত্রে প্রার্থীকে তার সংশ্লিষ্ট কোটা খামের উপর লিখতে হবে।

১২। সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে। উল্লেখ্য যে, সাক্ষাৎকারের তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে। সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। সন্তোষজনক পুলিশী ভেরিফিকেশন রিপোর্ট এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরিতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত বলে বিবেচিত হবে।

(মোহাম্মদ গিয়াস উদ্দীন)
উপজেলা নির্বাহী অফিসার
বাহুবল, হবিগঞ্জ।
ইমেইল- unobahubal@gmail.com

নম্বর :- ০৫.৪৬.৩৬০৫.০০২.৯৯.০০১.২০-৫৪৬/১

তারিখ- ১৬ জুলাই ২০২৫ খ্রি.

বিতরণ : অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাহুবল, হবিগঞ্জ।
২। উপজেলা প্রকৌশলী, বাহুবল, হবিগঞ্জ।
৩। অফিসার ইনচার্জ, বাহুবল মডেল থানা, হবিগঞ্জ।
৪। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বাহুবল, হবিগঞ্জ।
৫। উপজেলা .....কর্মকর্তা, বাহুবল, হবিগঞ্জ।
৬। সহকারী প্রোগ্রামার, বাহুবল হবিগঞ্জ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), বাহুবল, হবিগঞ্জ। (বিজ্ঞপ্তিটি ইউনিয়নের তথ্য বাতায়নে আপলোডসহ ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান ও হাট-বাজারে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
৮। ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা (সকল), বাহুবল, হবিগঞ্জ। (বিজ্ঞপ্তিটি ইউনিয়নের তথ্য বাতায়নে আপলোডসহ ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান ও হাট-বাজারে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)

অনুলিপি: সদয় অবগতির জন্য

১। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
২। উপপরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ।
৩। প্রশাসক, উপজেলা পরিষদ, বাহুবল, হবিগঞ্জ।
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), হবিগঞ্জ।

(মোহাম্মদ গিয়াস উদ্দীন)
উপজেলা নির্বাহী অফিসার
বাহুবল, হবিগঞ্জ।
ইমেইল : unobahubal@gmail.com